৬৭

MAY 30 1999

দৈনিক ইনকিলাব

তারিখ MAY 30 1999
পৃষ্ঠা ৭ কলাম ৭

## পূর্ব ডামুড্যায় ভকেশনাল কোর্স চালু প্রসঙ্গে

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া জাতিকে উন্নতির চরম শিখরে আরোহণ করা কোন মতেই সম্ভব নয়। যে জাতি যত শিক্ষিত, সে জাতি বিশ্বের দরবারে দাঁড়াতে পারে তত মাথা উঁচু করে। বেকার সমস্যায় জর্জরিত একটি দেশের নাম হলো বাংলাদেশ। কর্মমুখী শিক্ষার অভাবে কত শত শিক্ষিত যুবক যে আজ বেকারের অভিশাপ নিয়ে হতাশায় ভুগছে তার ইয়ত্তা নেই। হতাশা দূর করতে হলে প্রয়োজন পর্যপ্ত পরিমাণে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।

শরীয়তপুর জেলাধীন ডামুড্যা থানার অন্তর্গত পূর্ব ডামুড্যা ইউনিয়ন একটি স্বল্পশিক্ষিত জনপদ। এই ইউনিয়নে একটি মাত্র উচ্চ বিদ্যালয় রয়েছে যা ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয়েছে। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টা এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সুযোগ্য পরিচালনায় থানার অন্যতম সেরা প্রতিষ্ঠান হিসেবে সকল শ্রেণীর মানুষের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। ফলে প্রতি বছর প্রচুর শিক্ষার্থী আগমন করছে। অনেক ছাত্র/ ছাত্রী ভোকেশনাল কোর্সে ভর্তির আকাংক্ষা করলেও ঐ কোর্স চালু না হওয়ায় অনেকে হতাশায় ভুগছে। তাই পূর্ব ডামুড্যা ইউনিয়মের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান পূর্ব ডামুড্যা আদর্শ উচ্চ বিদ্যালয়ে ভোকেশনাল শিক্ষা কোর্স চালু করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাদের প্রতি আকুল আবেদন পেশ করছি।

—মাওঃ আবুল কাশেম আল-আজাদ, সহকারী শিক্ষক,
পূর্ব ডামুড্যা আদর্শ উচ্চ বিদ্যালয়, ডামুড্যা, শরীয়তপুর।